

## কী সেবা কীভাবে পাবেন

ক) বৈদেশিক চাকুরী প্রার্থীদের ডাটাবেজে নাম নিবন্ধন করা হয় এবং ফিংগারপ্রিন্ট করা হয়। নিবন্ধনের জন্য নির্ধারিত ফর্মে আবেদন করতে হয়। আবেদনের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, আইডি কার্ড, প্রবাসী কল্যাণ ব্যাংক, হতে ২০০ টাকার পে-অডার, পাসপোর্টের ফটোকপি (যদি থাকে) এবং অভিজ্ঞতার সনদ (যদি থাকে) জমা দিতে হয়।

খ) অভিবাসী ব্যক্তি প্রবাসে কর্মরত অবস্থায় মৃত্যু হলে লাশ দেশে আনায়ন অথবা সেদেশে দাফন/সৎকারের ব্যবস্থা করা হয়। মৃত্যু ব্যক্তির ওয়ারিশদেরকে নির্ধারিত ফর্মপূরণ পূর্বক মতামত জানাতে হয়।

গ) প্রবাসে মৃত্যু ব্যক্তির মৃত্যুজনিত ঋতিপূরণ/ইনসিওরেন্স/বকেয়া পাওনা আদায়ের ব্যবস্থা করা হয়। মৃতের ওয়ারিশকে প্রয়োজনীয় কাগজ-পত্র জমা দেওয়ার জন্য বলা হয়। প্রয়োজনীয় কাগজ-পত্র সংশ্লিষ্ট দূতাবাসের মাধ্যমে পরবর্তী কার্যক্রমের জন্য পাঠানো হয়।

ঘ) ঋতিপূরণের অর্থ কম পাওয়া গেলে মৃতের ওয়ারিশের আবেদনের প্রেক্ষিতে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ওয়েজ আর্নাস কল্যাণ তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার আর্থিক অনুদান দেয়া হয়।

ঙ) বৈদেশিক চাকুরী প্রার্থীকে সচেতনতা বৃদ্ধির পরামর্শ দেয়া হয়ে থাকে।